# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র



খবর সোজাসুজি
বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com



Vol-1, Issue-5 Bardhaman , 15 August 2023 Rs. 2.00 ( Four Pages ) Publisher - Israil Mallick


## এক নজরে

- পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি নির্বাচিত হলেন শ্যামা প্রসন্ন লোহার এবং সহ সভাধিপতি হলেন গার্গী নাহা।
- এবার থেকে প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন না বিএড প্রশিক্ষণ প্রাপ্তরা, নির্দেশ সুপ্রিম কোর্টের ।
- পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন ঘিরে তৃণমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে রায়না ১ নং ব্লকে। তীব্র কোন্দল ব্লক সভাপতি ও বিধায়কের মধ্যে। বিধায়কের অনুগামী নির্বাচিত
- ১১ জন পঞ্চায়েত সমিতির সদস্য পদত্যাগ করবেন বলে ঘোষণা করলেন বিধায়ক শম্পা ধারা।
- জামালপুর পঞ্চায়েত সমিতির নতুন সভাপতি হলেন পূর্ণিমা মালিক এবং সহ সভাপতি হলেন ভূতনাথ মালিক।
- পূর্ব বর্ধমান জেলার রায়না ১ নং ব্লকের পলাশন গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন করল সিপিএম। প্রধান নির্বাচিত হলেন মনিকা কোঙার এবং উপপ্রধান নির্বাচিত হয়েছেন টিনা মালিক।
- তারকেশ্বরের কেশবচক পঞ্চায়েতে বোর্ড গঠন করল সিপিএম ।প্রধান নির্বাচিত হয়েছেন তপতী কুন্ডু, উপ প্রধান নির্বাচিত হয়েছেন বিশ্বনাথ সাঁতরা।
- ১ সেপ্টেম্বর থেকে ফের শুরু হচ্ছে দুয়ারে সরকার কর্মসূচি, চলবে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত।
- 'বুদ্ধবাবু যদি অসৎ হন,তাহলে ভগবান বুদ্ধর সততা নিয়ে আলোচনা করতে হয় ! ', মন্তব্য তৃণমূল বিধায়ক মদন মিত্রর।
- ''সরকারি চুক্তিভিত্তিক কর্মীরা কষ্টে আছেন ।চাষীরা দাম পাচ্ছেন না ।ফড়েরা দালালি করছে ।ছ'লক্ষ পদের বিলোপ ঘটিয়েছেন মুখ্যমন্ত্রী'', রাজ্যকে নিশানা শুভেন্দু অধিকারীর।
- 'মুখ্যমন্ত্রী পুলিশ পদক' পাচ্ছেন হুগলি গ্রামীণ পুলিশ সুপার শ্রী আমনদীপ সহ রাজ্যের আরও চারজন পুলিশ সুপার।
- ''এই রকম সৎ রাজনীতিবিদ পশ্চিমবঙ্গে বিরল'', রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য সম্পর্কে মন্তব্য করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
- রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে দেখতে হাসপাতালে রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।
- বোমাকে বল ভেবে খেলতে গিয়ে হাত উড়ল শিশুর ! শিশুটি চতুর্থ শ্রেণীর ছাত্র বলে জানা গেছে। বসিরহাট পুরসভার ২ নং

(এরপর চারের পাতায়)

# ফুরফুরা শরীফে কি এবার ভাঙড়ের ছায়া ! পঞ্চায়েত বোর্ড গঠনকে কেন্দ্র করে রণক্ষেত্র ফুরফুরা শরীফ! আইএসএফ -পুলিশ খন্ডযুদ্ধ

নিজস্ব সংবাদদাতা ঃ বৃহস্পতিবার হুগলির ফুরফুরা পঞ্চায়েতের বোর্ড গঠন ঘিরে দেখা গেল প্রবল উত্তেজনা ।বেলা ১২টা বেজে গেলেও পঞ্চায়েতে তালা ।শাসক দলের কাউকেই পঞ্চায়েত এলাকায় দেখা যায় নি। পঞ্চায়েত সংলগ্ন রাস্তা ঘাট শুনশান ।বন্ধ দোকান বাজার। বুধবার রাত থেকেই এলাকায় বোমাবাজির অভিযোগ।

উল্লেখ্য,ফুরফুরা পঞ্চায়েতে ২৯টি আসনের মধ্যে ২৪টা পেয়েছে তৃনমুল ।আর আইএসএফ ও সিপিএম জোট পেয়েছে ৫টি আসন ।যদিও সিপিএম ও আইএসএফের দাবি, তারা জয়লাভ করেছিল ২৪ টি আসনে ।জোর করে তৃণমূলকে জেতানো হয়েছে ।বৃহস্পতিবার হুগলির ফুরফুরা শরীফে পঞ্চায়েত বোর্ড গঠনকে কেন্দ্র করে ব্যাপক বোমাবাজির অভিযোগ আইএসএফের বিরুদ্ধে। পুলিশকে লক্ষ্য করে ইট বৃষ্টি ও পুলিশের গাড়ি ভাঙচুরেরও অভিযোগ আইএসএফের বিরুদ্ধে ।ঘটনায় আহত হুগলি গ্রামীণ



পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার সহ বেশ কয়েকজন পুলিশ কর্মী। আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীর অভিযোগ, পুলিশ তার বাড়িতে কাঁদানে গ্যাসের শেল ছুঁড়েছে ।বিনা প্ররোচনায় লাঠি চালিয়েছে পুলিশ।

হুগলি গ্রামীণ পুলিশ সুপার আমনদীপ জানিয়েছেন, ''বিধায়ক সহ কয়েকজন পুলিশের কাজে বাধা দিয়েছেন ।অভব্য আচরণ করেছেন।১১ জন পুলিশকর্মী আহত হয়েছেন। অতিরিক্ত পুলিশ সুপার গুরুতর জখম। পুলিশের বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর হয়েছে। প্রত্যেকের বিরুদ্ধে মামলা করা হবে।''

রাজ্যের পরিবহন মন্ত্রী তথা জাঙ্গিপাড়ার বিধায়ক স্নেহাশীষ



চক্রবর্তী বলেন,''নওশাদ বহিরাগতদের এনে অশান্তি করলেন। ফুরফুরার মতো পবিত্র জায়গায় আইএসএফের বোমাবাজি, দুষ্কৃতীদের নিয়ে রাজনীতি মানুষ মেনে নেবেন না।''

স্থানীয় সূত্রে জানা গেছে, ফুরফুরা শরীফ উন্নয়ন পর্ষদের রাশ কাদের হাতে থাকবে তা নিয়ে দীর্ঘ দিন ধরে টানা পোড়েন রয়েছে। পীরজাদাদের একাংশও এ নিয়ে বিগত কয়েক বছর ধরে আড়াআড়ি ভাবে ভাগ হয়ে গেছেন ।তার ওপর আবার পঞ্চায়েত ভোটের গণনার দিন গণনা কেন্দ্র থেকে সিপিএম ও আইএসএফ কর্মীদের তৃণমূলের লোকজন বের

(এরপর দুয়ের পাতায়)

### বিরোধীশূন্য ধনেখালি পঞ্চায়েত সমিতিতে বোর্ড গঠন করল তৃণমূল

# তৃতীয় বারের জন্য সভাপতি ও সহ সভাপতি হলেন অর্পিতা বারিক এবং সৌমেন ঘোষ

ইসরাইল মল্লিক ঃ সোমবার হুগলির ধনেখালি পঞ্চায়েত সমিতিতে বোর্ড গঠন করল তৃণমূল ।এবারও ধনেখালি পঞ্চায়েত সমিতি বিরোধীশূন্য ।পঞ্চায়েত সভাপতি নির্বাচন ।তৃতীয় বারের জন্য সভাপতি নির্বাচিত হন অর্পিতা বারিক এবং সহ সভাপতি নির্বাচিত হন সৌমেন ঘোষ। বাইরে তখন কর্মী সমর্থকদের প্রবল



সমিতির মোট আসন ৫৪ টি ।বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৩৬ টি আসনে জয়ী হয়েছিল তৃণমূল ।ভোট হয়েছিল ১৮ টি আসনে ।একটি আসনেও জয়লাভ করতে পারে নি বিরোধীরা ।সোমবার দেখা গেল ব্যান্ড পার্টি বাজনা সহযোগে বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে স্থানীয় বিধায়ক অসীমা পাত্রের নেতৃত্বে নব নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণের জন্য পঞ্চায়েত সমিতিতে এসে উপস্থিত হন। তারপর শুরু হয় নব নির্বাচিত সদস্যদের শপথ গ্রহণের পালা এবং সভাপতি ও সহ উচ্ছাস ।পঞ্চায়েত সমিতি প্রাঙ্গনে বাজনা ও মাদলের তালে পা মেলালেন অনেকেই। শপথ গ্রহণের পর পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ বলেন, ক্ষ্মআমাদের দায়িত্ব আরও বেড়ে গেল ।ধনেখালির মানুষকে অসংখ্য ধন্যবাদ তিন তিনবার আমাদের ওপর ভরসা রাখার জন্য। সরকারের কাছে তাদের তো আশা থাকবেই ।সেই আশা পূরণের ক্ষেত্রে আমরা চেষ্টা করবো ।এখনও যে সমস্ত মানুষের কাছে সরকারি প্রকল্পের সুবিধা পৌঁছায়নি

(এরপর চারের পাতায়)




পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে বর্ধমান টাউন হলে উদযাপিত হল বিশ্ব ড্রাগ বিরোধী দিবস।

# পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে প্রেস কর্ণারের নতুন ভবনের উদ্বোধন



নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে বর্ধমানে গঙ্গা কিশোর ভট্টাচার্য প্রেস কর্ণারের

(এরপর চারের পাতায়)

# খবর সোজাসুজি

Volume-1 Issue-5 15 August 2023

## এ কেমন স্বাধীনতা ?

রক্তক্ষয়ী বহু সংগ্রামের মধ্য দিয়ে শত সহস্র লাশের বিনিময়ে ১৯৪৭ সালের ১৫ আগস্ট আমরা পেলাম স্বাধীনতার প্রথম স্বাদ।আজ আমরা ধুমধাম করে মহাসমারোহে স্বাধীনতার ৭৬ বছর উদযাপন করছি।কিন্তু প্রশ্ন,কোথায় গেল আমাদের সেই কাঙ্খিত স্বাধীনতা?স্বাধীনতার ৭৬ বছর পরেও আমার দেশের মা বোনেদের সম্মান নিয়ে চলছে ছেলে খেলা।প্রতিনিয়ত লুণ্ঠিত হচ্ছে তাদের সম্ভ্রম।ধর্ষিত হচ্ছে আমার মা বোনেরা। চলছে বাক স্বাধীনতায় হস্তক্ষেপ।ক্ষুণ্ণ হচ্ছে স্বাধীন মতপ্রকাশের অধিকার।বিভিন্ন ভাবে বিরুদ্ধ মতের কণ্ঠস্বর রুদ্ধ করার চেষ্টা হচ্ছে প্রতিনিয়ত।রাজনৈতিক হিংসায় প্রাণ যাচ্ছে কত নিরীহ মানুষের।আজও জ্বলছে মণিপুর,অশান্ত হরিয়ানা।সাম্প্রদায়িক হিংসার আগুনে পুড়ে মারা যাচ্ছে সাধারণ মানুষ।আর রাজনীতির কারবারিরা সেই আগুনে রুটি সেঁকতে ব্যস্ত।মানুষের জীবন তাদের কাছে তুচ্ছ।মা বোনেদের সম্মান রক্ষার্থে নেই কোনও দৃঢ় পদক্ষেপ।হাতে গোনা কয়েকজন ধনীর সম্পত্তি ক্রমশ বাড়ছে,আর গরিব আরও গরিব হচ্ছে। বেকারত্বের জ্বালায় জ্বলছে যুব সমাজ। নেই কোনও কর্মসংস্থানের দিশা।স্বাধীনতার ৭৬ বছর পরেও এখনও দেশের অনেক মানুষের মাথার উপর ছাদ নেই,দুবেলা দুমুঠো ভাত জোটে না বহু মানুষের।তাই তো মনে প্রশ্ন জাগে,এ কেমন স্বাধীনতা?এই স্বাধীনতাই কি আমরা চেয়েছিলাম?কবির কথায় বলতে ইচ্ছে করে ‘এ কোন সকাল,রাতের চেয়েও অন্ধকার ?’

(প্রথম পাতার পর) **ফুরফুরা শরীফে কি এবার**

করে দিয়েছে,এই অভিযোগ ঘিরে একটা চাপা উত্তেজনা ছিল।আর এ সবের ফলেই পঞ্চায়েত বোর্ড গঠনের দিনের ঘটনা ঘটেছে বলে অনেকেই মনে করছেন। ভাঙড়ের কায়দায় আইএসএফ কর্মীরা পুলিশের ওপর হামলা করেছে বলে অভিযোগ। ঘটনায় জড়িত থাকার অভিযোগে ইতিমধ্যেই পাঁচ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

অন্যদিকে ফুরফুরা শরীফের মতো পবিত্র জায়গায় পুলিশের এই হামলার প্রতিবাদে তালতলা বাজার এলাকায় মঞ্চ বেঁধে শুক্রবার বিকেল থেকে অনির্দিষ্টকালের জন্য অবস্থান বিক্ষোভ শুরু করেছেন পীরজাদাদের একাংশ।

শুক্রবারই ফুরফুরা শরীফে যান সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী এবং সিপিএমের হুগলি জেলা সম্পাদক দেবব্রত ঘোষ।তারা দেখা করেন নওশাদ সিদ্দিকী ও ইব্রাহিম সিদ্দিকীর সঙ্গে। পীরজাদা ইব্রাহিম সিদ্দিকী তাদের ঘটনার বিবরণ দিতে গিয়ে বলেন, “ব্রিটিশ আমলেও ফুরফুরা শরীফে এরকম ঘটনা ঘটেনি।রাজ্য সরকারের ইচ্ছা ছাড়া এটা হতে পারে না।”

এদিন ফুরফুরা শরীফে দাঁড়িয়ে সুজন চক্রবর্তী বলেন,“ভাঙড়ে পুলিশের সাহায্য নিয়ে তৃণমূল গুন্ডামি করেছে। আর ফুরফুরায় তৃণমূল কিছু করতে পারবে না জেনে পুলিশ লেলিয়ে দিয়েছে।ভয়াবহ অবস্থা! পুলিশ আর তৃণমূল যেভাবে সেখানে হামলা চালিয়েছে তা মানা যায় না।পুলিশের কাজ কি গুন্ডামি করা!”এই অন্যায়ের বিরুদ্ধে দলমত নির্বিশেষে সবাইকে একত্রিত হওয়ার ডাক দিয়েছেন তিনি।এদিকে আবার শনিবার বিকেলে পুলিশের এই ভূমিকার প্রতিবাদে ফুরফুরা উজলপুকুর মোড় থেকে তালতলা বাজার পর্যন্ত একটি ধিক্কার মিছিল হয় সিপিএম ও আইএসএফের ডাকে।

যদিও এই ঘটনায় শাসকদলের পাশেই দাঁড়িয়েছেন পীরজাদা ত্বহা সিদ্দিকী। তিনি বলেন,“ যে ঘটনা ঘটেছে সেটা রাজনৈতিক বিষয়। আমার চোদ্দ পুরুষ কেউ রাজনীতি করে না।যদি কেউ রাজনীতি করে সেটা তার নিজস্ব ব্যাপার।আজকে ফুরফুরা শরীফকে যত ছোট হতে হচ্ছে,যত গালি গালাজ খেতে হচ্ছে ঐ দুই ব্যক্তির জন্যে।এখানে যে টিএমসি ক্ষমতায় আছে যদি মনে করে মেরে পাট করে দোব,পারে।পাট করে দিতে পারে।কিন্তু ফুরফুরা শরীফের দিকে লক্ষ্য রেখে, আইনকে সম্মান দিয়ে তারা কিচ্ছু করে না আজ পর্যন্ত, আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি।”

## কেমন আছি আমরা ?

**পার্থ পাল**

বিদ্যালয়ের পার্বিক পরীক্ষা চলাকালীন অষ্টম শ্রেণীর এক ছাত্র ‘টুকলি’ করতে গিয়ে ধরা পরল। দিদিমনির নজরে আসতেই সে চটজলদি কাগজের টুকরোটিকে পা আর জুতোর মাঝখানে জায়গা করে দিলো। ম্যাডামও নাছোড়। ‘বের কর আন্ কাগজ!’ এরপরই ঘটলো ঘটনাটা। ছাত্রটি নিচু হয়ে কাগজটিকে বের করেই মুখে পুরে দিল। এবং কি আশ্চর্য খেয়েও ফেলল চিবিয়ে! ভ্যাবাচ্যাকা খেয়ে দিদিমণি ব্যাপারটা প্রধান শিক্ষককে জানাতে তিনি হেসে বললেন, এএ ছেলে লম্বা রেসের ঘোড়া। কারণ, বাস্তব সমাজ থেকে কিভাবে শিক্ষা নিতে হয় তা এ শিখে ফেলেছে। সত্যিই আমাদের আগামী প্রজন্ম এমন অনেক ‘সুশিক্ষা’ রপ্ত করে নিয়েছে। মিথ্যা বলার সুকৌশল, অ-শ্রদ্ধা করার অভ্যাস, কম খেটে বেশি মুনাফার স্যাটাস্যাট ট্যালেন্টে এদের বেশির ভাগই এখন দক্ষ।

তবে ব্যতিক্রমও আছে। বরাবরের মতো বহু পড়ুয়া আছে যারা মন ঢেলে পড়াশোনা করে। পড়ে পরীক্ষা দেয়। নিয়ম মেনে চাকরি খোঁজে। এবং হতাশ হয়। এভাবেই তারা সরকারি চাকরির আশা ছেড়ে দেয়। তারপর বাধ্য হয়ে রাজ্য ছেড়ে দেয় ভালো একটা বেসরকারি চাকরির আশায়।

আশায় মরে চাষাও। আকাশে বৃষ্টি নেই। খালে নেই জলের প্রাচুর্য। তাই ভরসা বলতে- ক্লাস্টার মিনি। সরকারের তৈরি করে দেওয়া জলপাম্পে সেই জমির মালিকের অঢেল মালিকানা। তাঁর কাছে জলের জন্য হত্যে দেওয়া, ‘তেল’ দেওয়া আর মুখঝামটা খাওয়াটা নাকি বাকি চাষীভাইদের স্বাভাবিক পাওনা। তবে, সুইচ টিপলেই জল পাওয়ার তাৎক্ষণিক আয়াসে আমরা, চাষিরাও আহ্লাদে গদগদ। আর এক কেন্দ্র সরকারি প্রকল্প ‘জলজীবন মিশন’ এখন প্রস্তুতির শেষ পর্যায়ে। লোকসভা



নির্বাচনের আগেই ‘হর ঘর জল ‘ এর প্রতিজ্ঞা পূর্ণ হবেই এমনটাই নাকি শোনা যাচ্ছে। ইতিমধ্যে ঘরে ঘরে সময় মাপা জল আসতেও শুরু করেছে। সময়ের মূল্য বুঝতে শিখেছেন গ্রামবাসীরা। কারণ, সময় শেষ তো জলও শেষ! এটা যদি হয় সমস্যার হিমশীর্ষ, তবে পর্বত-প্রমাণ জল ভ্রুকুটিও টের পেতে শুরু করেছি আমরা। কেমন? গুচ্ছ মিনি, ব্যক্তিগত ব্যবসায়িক পাম্প আর জলজীবন মিশনের সরকারি দাক্ষিণ্যে ভূগর্ভস্থ জলস্তর কমে যাচ্ছে হু হু করে। যে টিউবওয়েল ও পারিবারিক পাম্পগুলোতে গত বছরও ভালো জল উঠতো এখন তারা জবাব দেওয়ার আগের পর্যায়ে এসে হাজির। তাই আগামী বছর থেকে নিজের বাড়িতে জল উৎসের ব্যবস্থা থাকা সত্ত্বেও, সেগুলি অকেজো হওয়ায় তাকিয়ে থাকতে হতে পারে টাইম কলের দিকে। জল আর তখন আমাদের অধীন থাকবে না। আমরা ‘জল পরাধীন’ হয়ে যাবো।

এর মধ্যেই আর এক বদ অভ্যাস মাথা চাড়া দিচ্ছে। জল অপচয়! যেহেতু সরকারি জল, নিজের খরচ হচ্ছে না, তাই কল খুলে রেখে চলে যাও। জল বালতি উপচে, ড্রেন ছাপিয়ে বইতে থাকুক পুরো সময় ধরে ; প্রতিদিন। এমন নবাবী অপচয়ের পরিণাম হবে হাভাতে অভাব। হবেই। তখন জলাভাবে জল কিনে খেতে হবে। তাই ভেবে দেখুন তো, আমাদের এই জলমাত্রিক গ্রাম বাংলায় এমন জলজীবন মিশনের খুব কি প্রয়োজন ছিল? বড় জলাশয় ও পোক্ত খাল, বিল তৈরি করলে তা গ্রাম্য জীবন ও পরিবেশের পক্ষে হতো আশীর্বাদস্বরূপ। তাই রুখাসুখা এলাকায় এ প্রকল্প অমৃতদায়ী হলেও এখানে তা কি উদ্বেগবাহী নয়?

নয় নয় করেও এগারো ঘন্টা গাঁকগাঁক করে মাইক বাজে আশপাশের গঞ্জগুলিতে। ব্যাপার কী? বিকালে নাকি কোনো এক রাজনৈতিক দলের পথসভা হবে। সে আসর জমাতে ও খবর রটাতে চেন মাইকে সর্বোচ্চ আওয়াজে সকাল থেকে সারাটা দিন নাগাড়ে কয়েকটি গান পালা করে বেজে যায়। গঞ্জবাসী শোনেন; পড়ুয়া, শিশুরারা শোনে ; বৃদ্ধ, রোগীরা শোনেন। তাঁরা প্রত্যেকেই বিরক্ত হন, কষ্ট পান, যন্ত্রণায় ভোগেন। কিন্তু, কিছু বলতে পারেন না! প্রতিবাদ থেকে বাদ পড়ে যায় ভাষা। কারণ, মাইক বন্ধ করতে বলা সেই দলের বিরোধিতার নামান্তর। যার মানে তুমি শত্রু, দুষ্টু লোক। তোমাকে সোজা করার ব্যবস্থা হবে খুব শিগগির। অগত্যা তাই ‘ শব্দ-পরাধীন ‘ হয়েই বেঁচে থাকা। কোথায় স্বাধীনতা?

## ভারতবর্ষের মাটিতে চোখ রাখুন

**চঞ্চল সিংহরায়**

ভারত আমার ভারতবর্ষ একথাটা আমরা মনপ্রানে গ্রহণ করতে পেরেছি কি? পৃথিবী ভূপৃষ্ঠের যে নির্দিষ্ট ভূখণ্ডটিকে আমরা ভারতবর্ষ বলে চিনি, যেখানে আমরা বসবাস করি, তার মাটিটাকে আমরা সর্বস্তরের মানুষ চিনতে চেয়েছি কি? আমরা চিনতে চেয়েছি বিভাজনবাদ, চিনতে চেয়েছি জাতপাত, চিনতে চাইনি মানুষকে।কেবল মনের মধ্যে বৃদ্ধি করেছি ভেদবুদ্ধিকে।তাই বিভিষিকা হয়ে দাঁড়ায় মণিপুর। লেলিহান শিখা পৌঁছে যায় হরিয়ানায়।মানুষের কাছে পৌঁছায় না ওঁ শান্তি ওঁ শান্তি কথার অর্থটুকু।জীবনকে জাগ্রত করতে হৃদয়কে মানবমুখী করতে পেরেছি কি? স্বাধীনতার পরবর্তী ৭৫ বছর ধরে শিক্ষায় শিক্ষিত মানুষ আমরা যাদের বলে থাকি বা বলি, বড় বড় ইমারতের মধ্যে লেখাপড়া কিছুটা হয়েছে গো, লেখাপড়া শিখেছে গো,তবে সে শিক্ষা কোন শিক্ষা?শিক্ষায় যদি হল তবে ভারতবর্ষের রাজ্যে রাজ্যে তাহলে কি করে চলছে বিভেদের উস্কানি ? জাতপাতের হিসাব নিকাশ ?দলিত দলন, আরও কত কি। শিক্ষা তো একথা বলে না।শিক্ষা তো মানুষের চিন্তা শক্তিকে বুদ্ধিদীপ্ত করে তোলে,দেশকে গড়ে তুলতে চায়,ঐক্যের বাতাবরণ তৈরি করে। সংঘবদ্ধ দেশই হল দেশের শক্তি। এই ভাবনার ব্যতিক্রমী চিন্তাই হল ঐক্যবদ্ধ দেশ নয়, বিভাজিত রাজ্য,বিছিন্ন দেশ।ভারতবর্ষ আজ ক্রমশই কি সেই বিচ্ছিন্নমুখী ভাবনায় ভাবিত ? হিংসা, প্রতিহিংসা, বীভৎসতার সঙ্গে প্রতিটি রাজ্যে ঘটে চলেছে অমানবিক দেউলিয়াপনা।ভোট হিংসাও অতি ক্ষমতায়নকে নিয়ে আসে।মনুষ্যত্বের অবমাননাই হয়ে উঠছে।সমস্ত দেশ জুড়ে যদি বিভিষিকা দেখা দেয় তাহলে একথাই বলতে পারি ‘দেশ’ নয়,ভঙ্গুর ভারতবর্ষ আমরা চাইছি।আমাদের দয়াধর্ম নেই, অনুভূতির প্রকাশ নেই।আমরা শিকার হচ্ছি বীভৎসতার,নাগরিক সভ্যতা বিকাশের নয়। ৭৫ বছরে শিক্ষায় শিক্ষিতরা বা যারা অতি শিক্ষায় শিক্ষিত, হয়তো ভারতবর্ষ নিয়ে ভাববার অবকাশ তাদের নেই।নয়তো শিক্ষা থাকলেও বিভেদবুদ্ধি থেকে বেরুতে পারছেন না। চিরন্তন মানববুদ্ধি রক্ষায় আমরা সবাই ব্যর্থ। রাজনৈতিক ব্যক্তিবর্গের পোয়াবারো লাভের অঙ্ক বাড়াতে।’লজ্জা শরম’ নাই কথাটা আজ তাই বহুল ব্যবহৃত।পায়ের কাছ থেকে ভারতবর্ষের এক মুঠো মাটি তুলে চোখ রাখলে দেখব সেই মাটিতেও নানা বৈচিত্র্য,কিন্তু তার মধ্যে তারা একসঙ্গে বেঁধে থাকে। সেই মাটিতে বসবাসকারী আমরা ভারতের নাগরিকরা একাত্ত ও গ্রথিত হতে পারি না।সবাই স্বার্থ ও সুবিধাভোগী হতে চায়। তাইতো মণিপুর, হরিয়ানা,শিখিস্থান, কামতাপুরী প্রভৃতির উত্থান। বিবেকানন্দের ভাষায় স্বপ্নের ভারত দূর অস্ত। শ্রী চৈতন্যের কাছ থেকে আজও আমরা চৈতন্যের অধিকারী নয়।

FARHAD HOSSAIN
Channel Partner
শেয়ার ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের জন্য যোগাযোগ করুন।
7718563194
KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
farhad05ster@gmail.com
KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
+917718563194
farhad05ster@gmail.com
AngelOne
www.angelone.in

Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)



পান্ডুয়ার ইটাচুনা-খন্যান গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন করল বাম-কংগ্রেস জোট। প্রধান নির্বাচিত হলেন সিপিএমের বাসন্তী হেমব্রম এবং উপপ্রধান পদে নির্বাচিত হলেন কংগ্রেসের শ্রীকান্ত ধাড়া।



তারকেশ্বরের কেশবচক পঞ্চায়েতে বোর্ড গঠন করল সিপিএম। প্রধান নির্বাচিত হয়েছেন তপতী কুন্ডু, উপ প্রধান নির্বাচিত হয়েছেন বিশ্বনাথ সাঁতরা।



পূর্ব বর্ধমান জেলার জামালপুর পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হলেন পূর্ণিমা মালিক এবং সহ সভাপতি হলেন ভূতনাথ মালিক।




কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে ধনেখালিতে অবস্থান বিক্ষোভ তৃণমূলের।



নতুন ভাবে শুরু হচ্ছে সিঙ্গুর ট্রমা কেয়ার সেন্টার।



পূর্ব বর্ধমান জেলার রায়না ১ নং ব্লকের পলাশন গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন করল সিপিএম। প্রধান নির্বাচিত হলেন মনিকা কোঙার এবং উপপ্রধান নির্বাচিত হয়েছেন টিনা মালিক। বোর্ড গঠনের পর তীব্র উচ্ছ্বাস সিপিএম কর্মী সমর্থকদের মধ্যে।



পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের পাড়াতল ২ নং গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন করল তৃণমূল। প্রধান হিসেবে তৃতীয় বারের জন্য নির্বাচিত হলেন মাবিয়া বেগম সেখ এবং উপপ্রধান হিসেবে নির্বাচিত হলেন সরস্বতী টুডু।




বাংলার প্রতি কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে জামালপুরে অবস্থান বিক্ষোভ তৃণমূলের।




মণিপুর ইস্যুতে পথে হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা তৃণমূল মহিলা কংগ্রেস।



বীরভূম জেলার রাজনগর ব্লকের ভবানীপুর অঞ্চলের বেলেড়া গ্রাম থেকে ঢেকারো পাড়া হয়ে ভবানীপুর যাওয়ার রাস্তার বর্তমান অবস্থা ! রাস্তাটি দ্রুত সংস্কারের দাবিতে সরব এলাকাবাসী।



ধনেখালি পঞ্চায়েত সমিতিতে বোর্ড গঠন করল তৃণমূল।

# চন্দননগর পুলিশ কমিশনারেটের বড়সড় সাফল্য

নিজস্ব সংবাদদাতা ঃ গত ৬ আগস্ট ২০১৫ সালে হুগলির কৃষ্ণপুরের মন্ডলপাড়া এলাকায় সন্ধ্যেবেলায় গুলি চালানোর ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে ওঠে তৎকালীন সময়ে হুগলির পরিবেশ।ওই সময় দু'নম্বর রবীন্দ্রনগর এলাকায় প্রশান্ত দত্ত ওরফে বুবুনের সঙ্গে কৃষ্ণপুর এলাকার বাসিন্দা রথিন সিংহের রাস্তায় বচসা থেকে শুরু ঘটনার সূত্রপাত। রথিন সিংহ রবীন্দ্রনগর এলাকায় প্রশান্ত দত্তকে রাস্তায় দাঁড়িয়ে হুমকি দেওয়ার ফলে ওই দিনে প্রশান্ত রথিনের মাকে ঘটনার বিবরণ জানাতে রথিনের বাড়িতে গেলে অতর্কিতে তাকে দেখে দুটি গুলি করে রথীন। ওই ঘটনায় গুরুতর জখম হন রথিনের মা ও প্রশান্ত। তৎক্ষণাৎ প্রশান্ত ও রথিনের মাকে চুঁচুড়া সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এবং সেখান থেকে তড়িঘড়ি প্রশান্তকে সেই সময় কলকাতার একটি বেসরকারি নার্সিংহোমে নিয়ে গেলে অস্ত্রোপ্রচার করার পর সে প্রানে বাঁচলেও পলাতক হয়ে যায় রথীন।



তৎকালীন সময় প্রশান্তর মা ছায়া রানী দত্ত চুঁচুড়া থানায় রথিনের বিরুদ্ধে ছেলেকে গুলি মারার অভিযোগ করে। রথিন সিংহের আগেও বিভিন্ন অসামাজিক কাজ ও কার্যকলাপ নিয়ে থানায় অভিযোগ থাকায় তাকে হন্য হয়ে পুলিশ খুঁজতে শুরু করে। ২০১৬ সালের শেষের দিকে পুলিশের হাতে গ্রেপ্তার হয় রথীন। দীর্ঘমেয়াদী মামলা চলার পর ৩২৬ ও ৩০৭ ধারায় রথীনকে দোষী সাব্যস্ত করে চুঁচুড়া আদালত।৮ আগষ্ট,২০২৩ মঙ্গলবার চুঁচুড়া আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা বিচারক শিবশংকর ঘোষের ফাস্ট ট্র্যাক ফাস্ট কোর্টের এজলাসে তাকে দুটি পৃথক ধারায় কুড়ি হাজার টাকার ফাইন ও যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়।



পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে বর্ধমান পুলিশ লাইনে ভলিবল গ্রাউন্ডের উদ্বোধন করলেন পূর্ব বর্ধমান জেলা পুলিশ সুপার কামনাশীষ সেন।



পূর্ব বর্ধমান জেলা পুলিশের উদ্যোগে নবাব হাট মোড়ে শীততাপ নিয়ন্ত্রিত ট্রাফিক বুথের শুভ উদ্বোধন করলেন জেলার পুলিশ সুপার কামনাশীষ সেন।



চন্দননগর পুলিশ কমিশনারেটের চুঁচুড়া ট্রাফিক গার্ডের পক্ষ থেকে অ্যাম্বুলেন্স ড্রাইভারদের ট্রাফিক নিয়ম কানুন সম্পর্কে সচেতনতা মূলক বার্তা দেওয়া হল।



ধনেখালি ব্লক প্রশাসনের পক্ষ ধনেখালি ব্লক অডিটোরিয়াম হলে উদযাপিত হল বিশ্ব আদিবাসী দিবস। উপস্থিত ছিলেন স্থানীয় বিধায়ক অসীমা পাত্র, ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ,বিডিও সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# যুবভারতীতে ডুবলো পাল তোলা নৌকা , জ্বলে উঠলো মশাল ! ডার্বি জয়ের স্বাদ পেল লাল হলুদ



সজল দাশগুপ্ত ঃ যুবভারতীতে ডুবলো পাল তোলা নৌকা, জ্বলে উঠলো মশাল।শনিবার মরসুমের প্রথম ডার্বিতে ইস্টবেঙ্গল হারিয়ে দিল মোহনবাগান সুপার জায়েন্টকে।খেলার ফলাফল ইস্টবেঙ্গল ১ মোহনবাগান ০। লাগাতার আটটি ডার্বির পর অবশেষে জয়ের মুখ দেখলো ইস্টবেঙ্গল।

শনিবার যুবভারতীতে অনুষ্ঠিত এই ম্যাচে প্রচুর দর্শকের আগমন হয়েছিল। ম্যাচের প্রথম হাফে কোন দল গোল করতে পারেনি। তবে দ্বিতীয় অর্ধের মাঝামাঝি সময় ইস্টবেঙ্গল ম্যাচের একমাত্র গোলটি করে। এরপর মোহনবাগান আপ্রাণ চেষ্টা করলেও গোল শোধ করতে পারেনি।

প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৯ সালের ২৭ জানুয়ারির পর ২০২৩ সালের ১২ আগস্ট।প্রায় সাড়ে চার বছর পর জয়ের স্বাদ পেল ইস্ট বেঙ্গল।শনিবার চির প্রতিদ্বন্দ্বী মোহনবাগানকে ১-০ গোলে হারায় লাল হলুদ শিবির। আর এতেই আনন্দে মেতে ওঠেন ইস্ট বেঙ্গল সমর্থকেরা।

## লটারির টাকায় তৈরি তারা মায়ের মন্দির !



নিজস্ব সংবাদদাতা ঃ হুগলি জেলার গুড়াপের বীরপুর গ্রামের 'কলেজ কিস্কু'। ছোট থেকেই একটু অন্যরকম। আর পাঁচটা স্কুলের বাচ্চারা যখন বইপত্র খেলনা নিয়ে ব্যস্ত, সে তখন ব্যস্ত মা তারার পূজার ফুল তুলতে।কৈশরে পা দিতেই গায়ে উঠলো রক্তবসন, মাথায় জটা। বাড়িতেই প্রতিষ্ঠা করলেন তারামাকে। নিম্নবিত্ত আদিবাসীর হাতে ঘুপচি ঘরে শুরু হলো মা তারার আরাধনা। মা তারা প্রসন্ন হলেন।কলেজ কিস্কুর নামে উঠল লটারির প্রথম পুরস্কার ১ কোটি টাকা। অন্যদের মতো টাকা পেয়ে কলেজ কিস্কু গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দেননি। ওই টাকায় তেলাকোনা গ্রামে কিনে ফেললেন প্রায় এক বিঘা জমি।ইচ্ছা মাকে মন্দিরে প্রতিষ্ঠা করবেন। আর এক মুহূর্ত দেরি নয়। লটারিতে পাওয়া সম্পূর্ন টাকাই বরাদ্দ করে ফেললেন মন্দির তৈরিতে।তার একক প্রচেষ্টায় শুরু হয়ে গেল মায়ের মন্দির তৈরির কাজ। কিছু দিনের মধ্যেই তৈরি হয়ে গেল সুদৃশ্য এই মন্দির।আর পাশেই নিজের ও পুন্যার্থীদের থাকার জন্য ঘর।আদিবাসী ঘরের ছেলে হয়েও লটারির টাকায় মন্দির নির্মাণ করে যে দৃষ্টান্ত স্থাপন করলেন কলেজে কিস্কু, তা সতিই প্রশংসার দাবি রাখে।

## প্রেস কর্ণারের উদ্বোধন

(প্রথম পাতার পর)

নতুন ভবনের উদ্বোধন করলেন পূর্ব বর্ধমানের জেলা শাসক প্রিয়াঙ্কা সিংলা।এই মহতী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস,বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ারম্যান কাকলি তা, বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার,পূর্ব বর্ধমান জেলার তথ্য ও সংস্কৃতি আধিকারিক রামশঙ্কর মন্ডল,পূর্ত দফতরের অ্যাসিস্ট্যান্ট ইন্জিনিয়ার সুব্রত ঘোষ সহ পূর্ব বর্ধমান জেলার সাংবাদিক বন্ধুরা।

## ধনেখালি পঞ্চায়েত সমিতিতে বোর্ড গঠন

(প্রথম পাতার পর)

তাদের চিহ্নিত করে দ্রুত আমরা সেই পরিষেবা গ্রাম পঞ্চায়েতের মধ্যে দিয়ে তাদের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করবো।' পঞ্চায়েত সমিতির নব নির্বাচিত সভাপতি অর্পিতা বারিক বলেন, ''তৃতীয় বারের জন্য সভাপতি নির্বাচিত হয়েছি।মানুষের পাশে থাকবো ।কাজ করবো।এটা আমার খুবই ভালো লাগছে।ধনেখালিবাসীর কাছে আমি কৃতজ্ঞ। তৃতীয় বারের জন্য আমাকে জিতিয়েছেন,এই জায়গায় এনেছেন।যতটা পারি চেষ্টা করবো কাজ করার।''

## কল্যাণীর হোটেলে হুগলির ধনেখালির বিজেপি নেতার অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য !



নিজস্ব সংবাদদাতা ঃ হুগলির ধনেখালি ২ নং মন্ডলের বিজেপি সভাপতি সুদীপ ঘোষের অস্বাভাবিক মৃত্যু !কল্যাণীর একটি হোটেল থেকে তাঁর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করেছে কল্যাণী থানার পুলিশ।তাঁর পরিবারের অভিযোগ, তাঁকে ঠান্ডা মাথায় খুন করা হয়েছে।মৃত বিজেপি নেতা সুদীপ ঘোষের বাড়ি ধনেখালির গুড়াপ থানার চোপা গ্রামে।ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।খুন না আত্মহত্যা,সব দিক খতিয়ে দেখছে পুলিশ।







(চার পাতার পর)

## এক নজরে

ওয়ার্ডের ঘটনা।

● ''তৃণমূলের জামানায় বালি পাচারের ফলে ব্রিজ ধ্বংসের দিকে চলেছে।সাথে রাজ্যও'', তৃণমূলকে নিশানা করে তীব্র আক্রমণ করলেন সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

● করম পুজো ও সবে বরাতে ছুটি ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পূর্ব বর্ধমান জেলার মঙ্গলকোট ব্লক হাসপাতালকে(বিপিএইচসি) ৩০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতালে উন্নীতকরণ করা হল।

● ''চাকরি হোক, এটা মমতা বন্দ্যোপাধ্যায় চান না। নবান্নে বসে তৃণমূলের দলীয় কর্মসূচি ঘোষণা করছেন মমতা বন্দ্যোপাধ্যায়'', মুখ্যমন্ত্রীকে তীব্র আক্রমণ করলেন শুভেন্দু অধিকারী।

● মাঠের আলের রাস্তার ওপর থেকে আদিবাসী বিধবা মহিলার মৃতদেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য !মৃত মহিলার নাম সুমি সরেন(৪৫)। পূর্ব বর্ধমান জেলার আউসগ্রাম থানার সোমাইপুর গ্রামের ঘটনা।

● ''হিন্দি ভারতের রাষ্ট্রভাষা''- সুপ্রিম কোর্টের বিচারপতি দীপঙ্কর দত্তের এই অসাংবিধানিক রায় সংশোধনের আবেদন জানিয়ে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে আইনজীবীর মাধ্যমে চিঠি দিলেন বাংলা পক্ষ'র সাধারণ সম্পাদক গর্গ চট্টোপাধ্যায়।

● টাকা দিয়ে চাকরি কেনা ৪ শিক্ষক গ্রেপ্তার ! নিয়োগ দুর্নীতি মামলায় এই প্রথম গ্রেফতার ৪ শিক্ষক। মাথা কবে ধরা পড়বে ?এই প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে সর্বত্র।

● ''সত্য শক্তিশালী,জয় হবেই'', টুইট করে ইডিকে বিশেষ বার্তা দিলেন তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রাম মন্দিরের জন্য মন্দির কতৃপক্ষকে ৪০০ কেজি ওজনের তালা উপহার দিলেন উত্তরপ্রদেশের আলিগড়ের বাসিন্দা সত্য প্রকাশ শর্মা।

● সাংসদ পদ ফিরে পেলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। খুশির হাওয়া কংগ্রেস শিবিরে।

● অমৃত ভারত স্টেশন প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সিঙ্গুরের রতনপুর গ্রামে নব নির্মিত সেপটিক ট্যাংকে কাজ করতে নেমে মৃত ২ জন শ্রমিক।

● পালসিট টোল প্লাজার এক কর্মীর সঙ্গে ঔদ্ধত্যপূর্ণ আচরণ তৃণমূল সাংসদ সুনীল মন্ডলের ! ইতিমধ্যেই সোস্যাল মিডিয়ায় ভাইরাল পূর্ব বর্ধমান লোকসভা কেন্দ্রের তৃণমূল সাংসদ সুনীল মন্ডলের কীর্তি ! টোল ফি নেবার জন্য গাড়ি আটকানোয় মেমারির পালসিট টোল প্লাজার এক কর্মীর সাথে ঔদ্ধত্যপূর্ণ আচরণ ! রীতিমত গায়ে হাত ! সাংসদের এই ঔদ্ধত্যপূর্ণ আচরণের বিরুদ্ধে সরব সাধারণ মানুষজন।নিন্দার ঝড় সর্বত্র।

● ''এখানে যে টিএমসি ক্ষমতায় আছে যদি মনে করে মেরে পাট করে দোব, পারে।পাট করে দিতে পারে। কিন্তু ফুরফুরা শরীফের দিকে লক্ষ্য রেখে, আইনকে সম্মান দিয়ে তারা কিচ্ছু করে না আজ পর্যন্ত আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি'', বিস্ফোরক পীরজাদা ত্বহা সিদ্দিকী।

● চাঁদের কক্ষপথে প্রবেশ করল চন্দ্রযান - ৩

● রিষড়া পৌরসভার সুসজ্জিত রবীন্দ্রভবনের উদ্বোধন করলেন সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। উল্লেখ্য, দীর্ঘ দিন বন্ধ থাকার পর রিষড়া পৌরসভা পরিচালিত রবীন্দ্রভবন নতুন করে চালু হওয়ায় খুশি এলাকাবাসী।

● বৃহস্পতিবার উত্তরপাড়া এবং শ্রীরামপুর থানা এলাকা থেকে বেআইনি ভাবে সোনা পাচারের অভিযোগে ৬ জনকে গ্রেফতার করেছে চন্দননগর পুলিশ কমিশনারেটের উত্তরপাড়া থানার পুলিশ। তাদের কাছ থেকে প্রায় ১৪ লক্ষ টাকা এবং আনুমানিক ১১০ গ্রাম সোনা উদ্ধার করেছে পুলিশ। অভিযুক্তদের মধ্যে ৫ জনের বাড়ি মহারাষ্ট্রের সাংলি জেলায় এবং ১ জনের বাড়ি হুগলির শ্রীরামপুর থানা এলাকায়। অভিযুক্তদের হেফাজতে নিয়ে তদন্ত করছে পুলিশ।

● ২০১৯ সালের ২৭ জানুয়ারির পর ২০২৩ সালের ১২ আগস্ট। প্রায় সাড়ে চার বছর পর জয়ের স্বাদ পেল ইস্ট বেঙ্গল। শনিবার চির প্রতিদ্বন্দ্বী মোহনবাগানকে ১-০ গোলে হারায় লাল হলুদ শিবির। আর এতেই আনন্দে মেতে ওঠেন ইস্ট বেঙ্গল সমর্থকেরা।

● পঞ্চায়েতের বোর্ড গঠনকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা জামালপুরের জৌগ্রাম পঞ্চায়েতে।দলীয় নির্দেশের বিরুদ্ধে গিয়ে ভোটাভুটির মাধ্যমে নির্বাচিত হল প্রধান, উপপ্রধান। প্রবল অস্বস্তিতে শাসকদল ।

● তৃতীয় বারের জন্য ধনেখালি পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হলেন অর্পিতা বারিক এবং সহ সভাপতি হলেন সৌমেন ঘোষ।

● স্বেচ্ছাসেবী সংস্থা 'সংগঠন'- এর উদ্যোগে জামালপুরের বেরুগ্রামে অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির। এই রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মেহেমুদ খাঁন, জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

● ডানকুনি পৌরসভার নতুন প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

● ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনে তৃণমূলের প্রার্থী নির্মল চন্দ্র রায়, সিপিএমের প্রার্থী ঈশ্বরচন্দ্র রায়।

● রিষড়া পৌরসভার সুসজ্জিত রবীন্দ্রভবনের উদ্বোধন করলেন সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। উল্লেখ্য, দীর্ঘ দিন বন্ধ থাকার পর রিষড়া পৌরসভা পরিচালিত রবীন্দ্রভবন নতুন করে চালু হওয়ায় খুশি এলাকাবাসী।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com